প্রিয় Allison এর পিতামাতা/অভিভাবক,

2023 এর স্প্রিং এ সকল ইংরেজী ভাষা শিক্ষার্থীদের (English Language Learners, ELLs) জন্য যে নিউ ইয়র্ক স্টেট দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজী অর্জন পরীক্ষা (New York State English as a Second Language Achievement Test, NYSESLAT) অনুষ্ঠিত হয়েছিল তাতে Allison এর কৃতিত্ব সম্পর্কিত এই রিপোর্টটি আপনাদের প্রদান করতে পেরে আমরা আনন্দিত। এই পরীক্ষায় প্রাপ্ত নম্বরটি শিক্ষার্থীর ইংরেজী ভাষার দক্ষতা যাচাইয়ের একটি উপায়। তবে, এই নম্বরগুলো দিয়ে Allison কতটুকু জানে ও করতে পারে তা সম্পূর্ণ জানা সম্ভব নয়।

এই পরীক্ষা, নিউ ইয়র্ক স্টেটের মানদণ্ডসমূহ, ও Allison কে আপনি কীভাবে সাহায্য করতে পারেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: http://www.nysed.gov/bilingual-ed/english-language-learner-and-multilingual-learner-parent-resources

**ইংরেজী ভাষায় ALLISON এর দক্ষতার স্তর হচ্ছে মাধ্যমিক**
**ইংরেজী ভাষায় ALLISON এর দক্ষতার স্তর গত বছর ছিল আশাব্যঞ্জক**

## ALLISON এর সম্পূর্ণ স্কেল নম্বর

# 222

ALLISON এর সম্পূর্ণ স্কেল স্কোরসমূহ: 222

| স্কেল | স্তর |
|---|---|
| 360–318 | **সুদক্ষ**<br>দক্ষতা প্রদর্শনের স্টেট মানদণ্ড পূরণ করেছে এবং এখন একজন প্রাক্তন ELL হিসাবে দুই বছরের জন্য ELL পরিষেবাসমূহ পাওয়ার যোগ্য। |
| 263 | **অগ্রসরমান**<br>একজন ELL হিসাবে, তাদের পাঠ্যক্রমের ভাষাগত দক্ষতা উন্নয়নে ব্যাপক আত্মনির্ভরশীলতা প্রদর্শন করেছে। |
| 221 | **মাধ্যমিক**<br>একজন ELL হিসাবে, তাদের পাঠ্যক্রমের ভাষাগত দক্ষতা উন্নয়নে মাঝারি পর্যায়ের আত্মনির্ভরশীলতা প্রদর্শন করেছে। |
| 179 | **আশাব্যঞ্জক**<br>একজন ELL হিসাবে, তাদের পাঠ্যক্রমের ভাষাগত দক্ষতা উন্নয়নের জন্য সহায়তা ও অবকাঠামোতে কিছুটা নির্ভরশীলতা প্রদর্শন করেছে। |
| 120 | **প্রাথমিক**<br>একজন ELL হিসাবে, তাদের পাঠ্যক্রমের ভাষাগত দক্ষতা উন্নয়নের জন্য সহায়তা ও অবকাঠামোতে ব্যাপক পর্যায়ের নির্ভরশীলতা প্রদর্শন করেছে। |

## ইংরেজি ভাষা দক্ষতার বিভাগ/প্রকারসমূহ

### শ্রবণ
শিক্ষার্থীরা গ্রেড-পর্যায়ের পাঠ্য আলোচনা শোনার মাধ্যমে তথ্য বিবেচনা করে ও ধারণা তৈরি করে।

ALLISON এর স্কেল নম্বর

**64**

### বলা
শিক্ষার্থীরা তাদের গ্রেড-অনুযায়ী ভাষার ব্যবহারের মাধ্যমে পাঠ্যক্রমের কথা ও বিষয়সমূহ নিয়ে আলোচনায় অংশ নেয়।

ALLISON এর স্কেল নম্বর

**57**

### পাঠ
শিক্ষার্থীরা গ্রেড-পর্যায়ের পাঠ্যপুস্তকের বিষয়সমূহ পড়ে তথ্য বিবেচনা করে ও ধারণা তৈরি করে।

ALLISON এর স্কেল নম্বর

**56**

### লেখা
শিক্ষার্থীরা গ্রেড-পর্যায়ের ভাষা ব্যবহার করে লিখিত ভাবে সাহিত্যিক ও তথ্যমূলক পাঠ্য ও বিষয়সমূহে তাদের ধারণা ও চিন্তাসমূহ তুলে ধরে।

ALLISON এর স্কেল নম্বর

**45**

**এই স্কেল নম্বরগুলো 30-90 এর ভিতরে**

দয়া করে লক্ষ্য করুন যে শিক্ষার্থীরা যারা **ব্যক্তিভিত্তিক** শিক্ষা প্রকল্প (Individualized Education Program, IEP) বা পযোগীকরণ প্রকল্পের সেকশন 504 (Section 504 Accommodation Plan, 504 Plan) এর অন্তর্ভুক্ত যাতে বলা আছে যে পরীক্ষাসমূহ মুখে পড়ে শোনাতে হবে তাদেরকে অবশ্যই IEP/504 Plan এর নির্দেশনা অনুযায়ী সকল উপ-পরীক্ষার জন্য, প্রশ্ন পড়ে শোনানো সহ, সব ধরনের সুবিধা প্রদান করা হয়ে থাকার কথা।

## ALLISON এর সাফল্যকে সমর্থন দেওয়া

যদি প্রয়োজন হয় তাহলে আপনার সন্তানের স্কুলের কাছে অনুবাদকৃত ফর্মসমূহ চাওয়া এবং মিটিংগুলোতে একজন দোভাষীর অনুরোধ করার অধিকার আপনার আছে। এটি গুরুত্বপূর্ণ যে আপনার সন্তান অ্যাসাইনমেন্টসমূহ সম্পূর্ণ করবে, ক্লাসে অংশ নেবে, ও প্রশ্ন করবে। বাবা-মাদেরকেও তাদের সন্তানের পিতামাতা-শিক্ষক আলোচনা(সমূহে) অংশ নেওয়ার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে। পিতামাতা-শিক্ষক আলোচনা(সমূহ) সহ, আপনার সন্তানের স্কুল প্রতি বছর আপনার সন্তানের ইংরেজী ভাষার দক্ষতা সম্পর্কে একটি বাড়তি আলোচনা প্রদান করতে বাধ্য। আপনি আপনার সন্তানের শিক্ষকগণ বা স্কুলের পরিচালকদের যোগাযোগ করে আপনার সন্তানের পড়াশোনা বা অন্যান্য ব্যাপারে আলোচনা করতে বাড়তি মিটিঙেরও অনুরোধ করতে পারেন। আপনি যে ব্যাপারগুলো আলোচনা করতে চাইতে পারেন তা হল:

- আপনার সন্তানের নতুন ভাষা হিসাবে ইংরেজী (English as a New Language, ENL) সম্পর্কিত যে পরিষেবাসমূহ পাওয়ার অধিকার আছে তার পরিমাণ, স্থায়ীত্ব, ও ধরণ।
- ENL ও বি-ভাষাভিত্তিক প্রকল্পগুলোর মধ্যে পার্থক্য ও আপনার শিশুর স্কুল/ডিস্ট্রিক্টে বি-ভাষাভিত্তিক প্রকল্পগুলোর উপলব্ধতা।
- বাড়তি প্রকল্পসমূহ (সকাল, স্কুল-পরবর্তী, গ্রীষ্মকালীন, ইত্যাদি) যা আপনার সন্তানকে তাদের ইংরেজী ভাষা উন্নয়নে সাহায্য করবে।
- শিক্ষকরা যে গৃহ ভাষা ক্লাসরুমে ব্যবহার করছেন তার ধরণ।
- সংস্থান, ওয়েবসাইটসমূহ ও অন্যান্য মিথষ্ক্রিয়ামূলক উপায় যেগুলোর সাহায্যে আপনি আপনার সন্তানকে ইংরেজীতে ও তাদের গৃহ ভাষায় সহায়তা প্রদান করতে পারেন।
- বলা, শোনা, পড়া ও লেখায় আপনার সন্তানের অগ্রগতি।

## বাড়তি সংস্থানসমূহ

পিতামাতাদের জন্য সংস্থানগুলো আপনার ফোনে একটি দ্রুত প্রতিক্রিয়া (Quick Response, QR) অ্যাপ্লিকেশন ব্যবহার করে পাওয়া যেতে পারে। এই সংস্থানগুলোর মধ্যে আছে: পরীক্ষা সম্পর্কে তথ্য, নতুন ভাষা হিসাবে ইংরেজী (ENL) সম্পর্কিত নির্দেশনা, ELL পিতামাতা অধিকার সম্পর্কিত বিল, কম্যুনিটি-ভিত্তিক সংস্থাগুলোর নির্দেশনা, গ্র্যাজুয়েশন তথ্য, এবং আরো অনেক কিছু। আপনি নিচের লিংকটি ব্যবহার করেও এই তথ্যগুলো পেতে পারেন: http://www.nysed.gov/bilingual-ed/english-language-learner-and-multilingual-learner-parent-resources

**ELL প্যারেন্ট হটলাইন** ELL দের পিতামাতা ও তাদের পিতামাতার দায়িত্বে আছেন এমন ব্যক্তিদেরকে তাদের অধিকার ও তাদের সন্তানের জন্য পরিষেবাগুলো প্রাপ্তি সম্পর্কে জানার সুযোগ দেয়। পিতামাতারা নিউ ইয়র্ক স্টেটের প্রধান দশটি ELL গৃহ ভাষায় প্রশ্ন করতে পারেন ও জবাব পেতে পারেন। ফোন নম্বর: 1-800-469-8224
ওয়েবসাইট: https://steinhardt.nyu.edu/metrocenter/language-rbern/parent-hotline

https://www.nysed.gov/state-assessment/sample-student-score-reports

এই রিপোর্টের অনুবাদকৃত সংস্করণ ও অন্যান্য তথ্যগুলো নিম্নলিখিত ভাষাগুলোতে পাওয়া যাবে:
আরবি, বাংলা, চীনা (সরলীকৃত), চীনা (প্রচলিত), হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, এবং উর্দু